সৌদির বিমানঘাঁটিতে বিস্ফোরণ, অভিযোগ অস্বীকার ইরানের



সংগৃহীত ছবি

সৌদি আরবের রাজধানী রিয়াদের কাছে অবস্থিত আল-খারজ বিমানঘাঁটির আশপাশে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। সোমবার সকালে সম্ভাব্য ক্ষেপণাস্ত্র হামলার সতর্কতা জারির কিছু সময় পরই বিস্ফোরণের শব্দ শোনা যায় বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

ঘটনার পর নিরাপত্তাজনিত কারণে স্থানীয় বাসিন্দাদের দ্রুত নিরাপদ স্থানে সরে যেতে বলা হয়। এতে পুরো এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং সাময়িক উদ্বেগ তৈরি হয়।

পরে সৌদি সিভিল ডিফেন্স এক বিবৃতিতে জানায়, পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে রয়েছে এবং তাৎক্ষণিক কোনো ঝুঁকি নেই। তবে কী ধরনের হুমকি তৈরি হয়েছিল, সে বিষয়ে বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়নি।

বিস্ফোরণের ঘটনার পর আন্তর্জাতিক বিভিন্ন মহলে ইরানের সংশ্লিষ্টতা নিয়ে আলোচনা শুরু হয়। তবে তেহরান দ্রুতই এ অভিযোগ নাকচ করে দেয়।

ইরানের এক সামরিক কর্মকর্তা রাষ্ট্রীয় গণমাধ্যমকে জানান, সৌদি আরবের আল-খারজ বিমানঘাঁটিতে কোনো ধরনের হামলার সঙ্গে ইরান জড়িত নয়। ঘটনাটি ঘিরে এখনো আনুষ্ঠানিক তদন্ত চলছে।